



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ সেপ্টেম্বর' ২০২৩ খ্রি.

### স্থানীয় সরকার দিবসে তিন দিনব্যাপী কর্মসূচি নিয়েছে চসিক

জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ উদ্যাপন উপলক্ষে তিন দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক)।

রোববার সকাল ১০টায় লালদিঘীস্থ চসিক লাইব্রেরি ভবনে দিনব্যাপী ফ্রি স্বাস্থ্যসেবা মেডিক্যাল ক্যাম্প (ডেঙ্গু টেষ্ট, চক্ষু ও শিশু স্বাস্থ্য) সেবা প্রদানের মাধ্যমে শুরু হওয়া কর্মসূচি চলবে মঙ্গলবার পর্যন্ত। স্বাস্থ্য ক্যাম্পের উদ্বোধন করবেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এমপি।

এরপর চট্টগ্রাম সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো: রেজাউল করিম চৌধুরীর নেতৃত্বে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে একটি র্যালির মাধ্যমে লালদিঘী মাঠ থেকে থিয়েটার ইনসিটিউটে এসে “সেবা ও উন্নতির দক্ষ রূপকার উন্নয়নে উত্তাবনে স্থানীয় সরকার” প্রতিপাদ্য শীর্ষক আলোচনা সভায় অংশ নেবেন অতিথিরা।

আলোচনা সভায় সভাপতি হিসেবে মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো: রেজাউল করিম চৌধুরী এবং প্রধান অতিথি হিসেবে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল উপস্থিত থাকবেন। স্বাগত বক্তব্য রাখবেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংসদ সদস্য আব্দুল লতিফ, নোমান আল মাহমুদ এবং মহিউদ্দিন বাচ্চু। সভা থেকে জনসেবায় অবদান রাখার জন্য দুই জনকে পুরস্কৃত করা হবে।

এবারের আয়োজনের মধ্যে আরো আছে তিন দিনব্যাপী কর মেলা, বিশেষ পরিচ্ছন্নতা ও ডেঙ্গু প্রতিরোধী ক্যাম্পেইন এবং কাউন্সিলর ও কর্মকর্তাদের মধ্যে গ্রীতি ফুটবল ম্যাচ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮